

স্থানীয় সরকার বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এবং 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১' অনুযায়ী সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব, স্থানীয় সরকার বিভাগ ও সভাপতি, শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটি
তারিখ ও সময় : ২১ জুন ২০২২ খ্রি., মঙ্গলবার, বিকাল ৪:০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ

সভার আলোচনা:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি অধ্যকার সভার আলোচ্যসূচি উপস্থাপনপূর্বক সভাটি পরিচালনার করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে আহ্বান জানান।

২. সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) ড. মলয় চৌধুরী সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি সভায় জানান যে, এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১.৮ ক্রমিকের কার্যক্রম অনুযায়ী সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। সে প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১' অনুযায়ী এ বিভাগের সকল অনুবিভাগ হতে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীর মনোনয়ন ইতোমধ্যে সংগ্রহ করা হয়েছে। মনোনীত কর্মকর্তা/কর্মচারীদের মধ্য হতে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১' অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানদের মধ্যে হতে ০১ (এক) জন এবং এ বিভাগ হতে গ্রেড-২ হতে গ্রেড-৯ পর্যন্ত ০১ (এক) জন; গ্রেড-১০ হতে গ্রেড-১৬ পর্যন্ত ০১ (এক) জন এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ পর্যন্ত ০১ (এক) জনসহ মোট ০৪ (চার) জন কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ প্রদানের লক্ষ্যে চূড়ান্তভাবে মনোনয়ন করার লক্ষ্যে আজকের সভা আয়োজন করা হয়েছে। তিনি নীতিমালা ও আলোচ্যসূচি অনুযায়ী এ বিভাগের বিভিন্ন অনুবিভাগ হতে মনোনয়নকৃত কর্মকর্তা ও কর্মচারীগণের তালিকাসহ বিস্তারিত উপস্থাপনের জন্য উপসচিব (সিটি কর্পোরেশন-১) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আহ্বান জানান।

৩. উপসচিব (সিটি কর্পোরেশন-১) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ শামছুল ইসলাম এ বিভাগ হতে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য এ বিভাগের বিভিন্ন অনুবিভাগ হতে মনোনয়নকৃত কর্মকর্তা ও কর্মচারীগণের তালিকা ও নীতিমালা উপস্থাপন করেন। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে কমিটির সম্মানিত সদস্যগণ তাঁদের সুচিন্তিত মতামত প্রদান করেন।

৪. বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে এ বিভাগের শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	পুরস্কার ক্যাটাগরি	নাম ও পদবি	পুরস্কার	গ্রেড ও বর্তমান মূল বেতন	মন্তব্য
১.	আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানদের মধ্য হতে	জনাব সালেহ আহমদ মোজাফফর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট	একটি সাটিফিকেট, একটি ক্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ	গ্রেড-২ ৭৬,৪৯০/-	শুদ্ধাচার পুরস্কার ২০২১- ২২ অর্থবছর
২.	২য়-৯ম গ্রেডের কর্মকর্তা	জনাব জেসমিন পারভীন উপসচিব স্থানীয় সরকার বিভাগ	একটি সাটিফিকেট, একটি ক্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ	গ্রেড-৫ ৫৮,৫৬০/-	শুদ্ধাচার পুরস্কার ২০২১- ২২ অর্থবছর

৩.	১০ম-১৬তম গ্রেডের কর্মকর্তা/ কর্মচারী	শেখ ইমরান হোসেন প্রশাসনিক কর্মকর্তা স্থানীয় সরকার বিভাগ	একটি সার্টিফিকেট, একটি ফ্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ	গ্রেড-১০ ১৬,৮০০/-	শুদ্ধাচার পুরস্কার ২০২১- ২২ অর্থবছর
৪.	১৭-২০তম গ্রেডের কর্মচারী	জনাব সেতু চাকমা অফিস সহায়ক স্থানীয় সরকার বিভাগ	একটি সার্টিফিকেট, একটি ফ্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ	গ্রেড-২০ ১১,৬৫০/-	শুদ্ধাচার পুরস্কার ২০২১- ২২ অর্থবছর

৫. পরিশেষে সভাপতি আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ: ২২/০৬/২০২২

(মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী)

সচিব

স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০২.২২-৭২৬/১(৩০)

তারিখ: ০৮ আষাঢ় ১৪২৯


২২ জুন ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল অনুবিভাগ)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩. উপসচিব (সকল) স্থানীয় সরকার বিভাগ।
৪. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ (সকল)।
৫. সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ (সকল)।
৬. প্রোগ্রামার/সহকারী মেনটেইন্যান্স ইঞ্জিনিয়ার/হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।
৩. রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
৫. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা/খুলনা ওয়াসা।
৬. মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অফিস কপি।


22.06.2022

(মোহাম্মদ শামছুল ইসলাম)

উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০

ইমেইল: lgcc1@lgd.gov.bd